যুগান্তর

তারিখ 12 APR 2009
পৃষ্ঠা ... কলাম ...



যুগান্তর

শনিবার পিলখানায় বিডিআর সদর দফতরের বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ রাইফেলস স্কুল এন্ড কলেজ খুলে দেয়ার পর শিক্ষার্থীরা স্কুলে প্রবেশ করছে

# দেড় মাস পরে খুলেছে পিলখানার বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ রাইফেলস স্কুল

## শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত উপস্থিতি

যুগান্তর রিপোর্ট

প্রায় দেড় মাস পর স্কুলে গিয়ে বন্ধুদের সঙ্গে দেখা হওয়ায় দারুণ খুশি পিলখানায় বিডিআর সদর দফতরের বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ রাইফেলস স্কুল এন্ড কলেজের তৃতীয় শ্রেণীর ছাত্রী মনিরা। স্কুল খোলার প্রথম দিনে ক্লাসের ফাঁকে বন্ধুদের নিয়ে সে মাঠে গোল্লাছুট খেলেছে, গল্প করেছে। প্রায় চার ঘণ্টা ছিল দরবার হলের কয়েকশ' গজ দূরে তার প্রিয় স্কুল কম্পাউন্ডে। সবকিছুর মাঝেও তার ভেতর ছিল অজানা আশংকা, ভয়। ২৫ ফেব্রুয়ারি পিলখানা ট্রাজেডির পর শনিবার খুলে দেয়া হয়েছে পিলখানায় বিডিআর সদর দফতরে বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ রাইফেলস স্কুল এন্ড কলেজ। প্রথম দিন প্রতিষ্ঠানটি খুলে দেয়ার খবরে প্রায় দুই হাজার শিক্ষার্থী স্কুলে ছুটে যায়। সদর দফতরের ৪ ও ৫ নম্বর গেট দিয়ে শিক্ষার্থীদের ভেতরে প্রবেশ করতে দেয় বিডিআর কর্তৃপক্ষ। সকাল ৭টা থেকে দুটি গেট দিয়ে শিক্ষার্থীদের একে একে ভেতরে নিয়ে যান স্কুলের শিক্ষকরা। ক্লাস শেষে আবার তাদের দলবেঁধে বাইরে নিয়ে আসা হয়। বিডিআর কর্তৃপক্ষ বলেছে, ১৫ এপ্রিল সদর দফতরের বীরউত্তম ফজলুর রহমান রাইফেলস স্কুলটিও খুলে দেয়া হবে। বাকি বীরশ্রেষ্ঠ মুন্সী আবদুর রউফ রাইফেলস স্কুল ও সরকারি প্রাথমিক বিদ্যালয় দুটি খুলতে একটু দেরি হবে বলে কর্তৃপক্ষ জানিয়েছে। অন্যদিকে ৩০ এপ্রিলের পর থেকে বিডিআর সদর দফতরের দরবার হল ব্যবহারের উপযুক্ত হবে বলে জানিয়েছে বিডিআর সদর দফতর।

বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ রাইফেলস স্কুল এন্ড কলেজের প্রিন্সিপাল শাহীনা পারভীন জানান, প্রথম দিনই প্রায় ৬৫ শতাংশ শিক্ষার্থী উপস্থিত হয়েছিল। তারা সবাই ছিল উৎফুল্ল। ২৫ ফেব্রুয়ারি ঘটনার দিন বার্ষিক দরবার উপলক্ষে পিলখানার ভেতরের সব শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ছিল। তিনি জানান, ধীরে ধীরে পরিস্থিতি স্বাভাবিক হয়ে আসছে। তাদের স্কুলের শিক্ষার্থীদের প্রতিদিন ৪ ও ৫ নম্বর গেট দিয়ে ভেতরে প্রবেশ করতে দেয়া হবে। যেসব শিক্ষার্থী নিজেদের গাড়িতে স্কুলে আসবে তাদের সদর দফতর থেকে বিশেষ স্টিকার সংগ্রহ করতে হবে। সকাল সাড়ে ৭টা থেকে পৌনে ১১টা পর্যন্ত মর্নিং শিফট ও ১১টা থেকে বিকাল ৫টা পর্যন্ত ডে শিফটে ক্লাস চলবে বলে তিনি জানান। খোঁজ নিয়ে জানা গেছে, পিলখানা সদর দফতরে বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ রাইফেলস স্কুল এন্ড কলেজ ছাড়াও বীরশ্রেষ্ঠ মুন্সী আবদুর রউফ স্কুল এন্ড কলেজ, বীরউত্তম ফজলুর রহমান স্কুল এবং একটি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এসব শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীর সংখ্যা প্রায় ১১ হাজার। বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ রাইফেলস স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ শাহীনা পারভীন বলেন, রাইফেলস সপ্তাহ উপলক্ষে ২৪ ফেব্রুয়ারি থেকে তাদের প্রতিষ্ঠানসহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান ৪ দিনের জন্য বন্ধ রাখা হয়েছিল। ২৮ ফেব্রুয়ারি প্রতিষ্ঠানগুলো খোলার কথা ছিল। এর মধ্যে দুঃখজনক ওই ঘটনা ঘটে যাওয়ায় শিক্ষার্থীদের লেখাপড়া দারুণভাবে ব্যাহত হল।

এদিকে ৩০ এপ্রিল থেকে বিভিন্ন অনুষ্ঠানে ব্যবহারের জন্য দরবার হল ভাড়া দেয়া হবে বলে জানিয়েছে বাংলাদেশ রাইফেলস সদর দফতর। জনসংযোগ কর্মকর্তা মোঃ নুরুল হুদা স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, বিডিআর সদর দফতর পিলখানায় নারকীয় হত্যাযজ্ঞ সংঘটিত হওয়ার পর থেকে দরবার হলের সবরকম ব্যবহার বন্ধ রাখা হয়েছিল। যারা আগে নিয়েছিলেন তাদের বুকিংয়ের অর্থ ফেরত নেয়ার অনুরোধ জানানো হয়েছে।